Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৫ই শ্রাবণ বুধবার ১৩৬৪ ইংরাজী 31st July, 1957 { ১০ম সংখ্যা
৮ই শ্রাবণ ১৮৭৯ শকাব্দ




হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৯শে আগষ্ট ১৯৫৭

১৯৫৭ সালের ডিক্রীজারী

৪৫ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং বিজয়কুমার মুখোপাধ্যায় দিং দাবি ১৫।/০ থানা সাগরদীঘি মৌজে মোরগ্রাম ১-২৪ শতকের কাত ৩৶৬ পাই আঃ ৬৲ খং ৩২৮

৪৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫২৸/৯ পাই মৌজাদি ঐ ৬-৮৫ শতকের কাত ২৭।৶১০ পাই আঃ ৫০৲ খং ৩২৭

৫০ থাং ডিঃ ঐ দেং আশুতোষ চক্রবর্ত্তী দাবি ১৮৶০ মৌজাদি ঐ ৭৯ শতকের কাত ৪॥৮ পাই আঃ ৮৲ খং ৬২

৫১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৶৩ পাই মৌজাদি ঐ ৫৯ শতকের কাত ৫॥৩ পাই আঃ ৫৲ খং ৬৩

৫২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০৸৯ পাই মৌজাদি ঐ ২ ৫৪ শতকের কাত ১৩॥৵১১ পাই আঃ ২০৲ খং ৬১

৫৯ থাং ডিঃ ঐ দেং একড়ি স্বর্ণকার দিং দাবি ১৭।/০ মৌজাদি ঐ ৪৭ শতকের কাত ৩৶৪ পাই আঃ ৫৲ খং ৩৯০

৫৩ থাং ডিঃ ঐ দেং আশুতোষ চক্রবর্ত্তী দিং দাবি ২৯॥৯ পাই মৌজাদি ঐ ৩১৫ শতকের কাত ১৬৲ আঃ ২৫৲ খং ৫২৭

৫৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১।/৩ পাই মৌজাদি ঐ ৬৮ শতকের কাত ২॥/৭ পাই আঃ ৪৲ খং ৫২৯

৪৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮।/৯ পাই থানা ঐ মৌজে ডোমাইপুর ১২২ শতকের কাত ৩।৵৫ পাই আঃ ৫৲ খং ১৭৬

৫৫ থাং ডিঃ ঐ দেং হায়াতুন বিবি দাবি ৯৫৶০ থানা ঐ মৌজে খৈরটী ১২৭ শতকের কাত ৩॥৫ সের চাউল আঃ ১০৲ খং ৬৮৯

৫৬ থাং ডিঃ ঐ দেং মেসের সেখ দাবি ৫৩৸৵৯ পাই থানা ঐ মৌজে শ্যামপুর ১-৭ শতকের কাত ৩/৭ সের চাউল আঃ ৬০৲ খং ১৫৯

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৫ই শ্রাবণ বুধবার সন ১৩৬৪ সাল।

# মর্ম্মঘাতী ধর্ম্মঘট

সংঘবদ্ধ হইয়া প্রতিজ্ঞা গ্রহণপূর্ব্বক প্রার্থনা পূরণ না হওয়া পর্য্যন্ত করণীয় কাজ বন্ধ করার নাম ধর্ম্মঘট। আজ রাজ্যের সর্ব্বাপেক্ষা প্রয়োজনীয় ডাক ও তার বিভাগের কর্ম্মচারিবৃন্দ কাজ বন্ধ করিবার সংকল্প করিয়াছেন। অতীতকালে দেশের যে হর্ত্তাকর্ত্তা বিধাতারা তাঁহাদের ( কর্ম্মচারীদের ) পেটের ভাতের জন্য সে প্রার্থনা পূরণ করিবেন বলিয়া আশা দিয়াছিলেন, তাঁহারাই তাঁহাদের স্বাধীনতা হস্তগত হওয়ার আগে সুশাসনের জন্য অপরাধীকে কঠিনতম শাস্তি দিবার প্রতিশ্রুতির মত ধাপ্পাবাজির জনশ্রুতিতে পরিণত করিতে চলিয়াছেন।

যাঁহারা পেটের ভাতের জন্য স্বাধীনতার দেশে পরাধীনতার মাল্য ধারণ করে কি কম দুঃখে ! বেলা ৯টা ১০টার সময় কেবলমাত্র হাওড়া ও শিয়ালদহ ষ্টেশনের দৃশ্য দেখিলে প্রত্যেক হৃদয়বান ব্যক্তিই অনুভব করিয়া অভিভূত হইবেন এই সব ভদ্র সন্তানের উদরান্নের সংস্থান করার হৃদয় বিদারক পদ্ধতি দেখিয়া।

পঞ্চাশ মাইল অপেক্ষাও দূর হইতেও ইঁহাদের ছুটির দিন ভিন্ন যাতায়াতের দুর্গতি দেখিয়া। ইঁহাদের মাতা, ভগ্নী বা সহধর্ম্মিণী—যিনি আহার্য্য প্রস্তুত করেন তাঁহাদের অনেককে রাত্রি তিনটা চারটার সময় উঠিয়া কি শীত, কি গ্রীষ্ম, ট্রেন ধরিবার বহু পূর্ব্বে চাকুরের খাবার প্রস্তুত করিতে হয়। যে ভাতের উষ্ণতা হাতে সহে না তাই মুখে সহাইয়া গো-গ্রাসে গিলিয়া জামার বোতাম লাগাইতে লাগাইতে ছুটিতে হয় ট্রেন ধরিবার জন্য। ট্রেনে যখন আলো প্রবেশ করে তখন পরস্পর পরস্পরের মুখ দেখিয়া আলাপ আপ্যায়ন এই দুঃখের মধ্যেও একজনের গায়ের মোটা চাদর চার জনে দুই বেঞ্চে দুই জন মিলিয়া চাপিয়া বসে এবং পকেট হইতে তাস বাহির করিয়া খেলা সুরু করিয়া ট্রেনের একঘেয়ে বিরক্তির কিঞ্চিৎ লাঘব করেন। ট্রেন যত হাওড়ার দিকে অগ্রসর হয়, সহকর্ম্মী ও সহযাত্রীর সংখ্যা ততই বৃদ্ধি পাইয়া তাঁহাদের তাস খেলার স্থান অধিকার করে। কেহ কেহ অর্দ্ধপঠিত পুস্তক বাহির করিয়া তাহা শেষ করিবার জন্য পাঠ সুরু করেন। ট্রেন হাওড়ায় পৌঁছিবার পূর্ব্বেই নামিয়া ট্রাম ধরিবার আশায় সকলের আগে অবতরণের পাঁইতাড়া করেন। ট্রামের কাছে বা বাসের কাছে উপস্থিত হইয়া কেহ ভিতরে, কেহ পাদানীতে পা দিয়া ঝুলিতে ঝুলিতে সময়ে হাজিরা সহি করার জন্য উদ্‌গ্রীব হন। প্রত্যহ এই সুখ নিজে সহিয়া এবং পরিবারস্থ মেয়েদের প্রদান করিয়া যে চাকুরী রক্ষা করিবার জন্য জীবন পণ করেন। আজ কম দুঃখে এই দেবদুর্লভ উপজীবিকা যাহাতে নষ্ট হইতে পারে, ধর্ম্মঘট করিয়া তাহাতে যোগ দিতে চলিয়াছেন। কেহ কেহ "জলে কুমীর ডাঙায় বাঘ" এই উভয় সঙ্কটে পড়িয়া প্রমাদ গণিতেছেন। ধর্ম্মঘটে চাকরী গেলে কি খাইবেন, আর সহকর্ম্মিগণের মতের বাহিরে গেলে দল ছাড়া হনুমান বা ডাল ছাড়া বানরের দশা প্রাপ্ত হইবার আশঙ্কা করিতে করিতে কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়িয়াছেন।

সরকার ধর্ম্মঘটের প্রতিষেধক উপায় উদ্ভাবনে ব্যস্ত হইয়াছেন। কর্ম্মচারীদের দৈন্যজনিত উপায় ধর্ম্মঘট সৈন্য সাহায্যে নিবারণ করিবার কথাও শুনা গিয়াছে। কাজেই এই ধর্ম্মঘট যে মর্ম্মঘাতী ধর্ম্মঘট তাহা বলিলে বেশী বলা হয় না।

## ভেজাল দুগ্ধ বিক্রয়ে অর্থদণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যাল এলাকার খাদ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে ভেজাল দুগ্ধ বিক্রয়ের অপরাধে জঙ্গিপুর ফৌজদারী কোর্টে মিঞাপুর নিবাসী শ্রীগোপালচন্দ্র সরকারের ৩০৲ টাকা ও জোতকমল নিবাসী শ্রীবিভূতি ঘোষের ১০৲ টাকা অর্থদণ্ড হইয়াছে।

## নিকেল ব্রাসের দুই আনা অপ্রচলিত হইবার গুজবের প্রতিবাদ

ভারত সরকারের অর্থ মন্ত্রক নিম্নোক্ত প্রেসনোট প্রচার করিয়াছেন :—

নিকেল ব্রাসের দুই আনা অপ্রচলিত হইয়া গিয়াছে—এই মর্ম্মে কোন কোন স্থলে গুজব ছড়াইবার ফলে কোন কোন ব্যক্তি লেনদেনের ব্যাপারে এই ধরণের দুই আনা গ্রহণ করিতেছেন না বলিয়া শোনা যাইতেছে। সাধারণকে জানাইবার জন্য প্রচার করা যাইতেছে যে এই গুজব সম্পূর্ণ ভিত্তিহীন এবং বিভিন্ন মুদ্রা সহ এই ধরণের দুই আনাও পূর্বের ন্যায়ই চালু রহিয়াছে। রিজার্ভ ব্যাঙ্ক অফিসে, ষ্টেট ব্যাঙ্কের শাখাসমূহে, ট্রেজারি এবং সাব-ট্রেজারিগুলিতে এই মুদ্রাগুলি বিনিময়ের যথাযথ ব্যবস্থাও রহিয়াছে।

## পশ্চিমবঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক পাঠ্যধারা মুর্শিদাবাদ জেলার অধিবাসিগণের শিক্ষণের সুযোগ

পশ্চিমবঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক পাঠ্যধারার শিক্ষণলাভেচ্ছু মুর্শিদাবাদ জেলার স্থায়ী অধিবাসিগণের নিকট হইতে দরখাস্ত গ্রহণ করা হইবে। ১৯৫৭ সালের ১৭ই অক্টোবর হইতে ১৯৫৭ সালের ৩০শে ডিসেম্বর পর্য্যন্ত কল্যাণীতে শিক্ষণ দেওয়া হইবে এবং সদর মহকুমা হইতে ২৫ জন, লালবাগ হইতে ২০ জন, কান্দী হইতে ২৫ জন, জঙ্গীপুর হইতে ২০ জন ও পুলিশ অধীক্ষকের গ্রামরক্ষীদল হইতে ১০ জন শিক্ষার্থী গ্রহণ করা হইবে।

প্রার্থিগণের বয়স ১৮ হইতে ২৫ বৎসরের মধ্যে হওয়া চাই এবং তাঁহাদের ওজন অন্ততঃ ১০০ পাউণ্ড, উচ্চতা ৫′ ২″ ও ছাতি ৩০″ হইতে ৩২″ হইতে হইবে এবং তাঁহাদের দৈহিক বিকৃতি থাকিলে চলিবে না। শিক্ষণের সময় থাকা খাওয়া ও পোষাক বাবত মাসিক ৭ টাকা করিয়া হাত খরচ দেওয়া হইবে। দরখাস্তের ফর্ম ও পুলিশ ভেরিফিকেশন রোল জেলা-শাসকের অফিসে এবং মহকুমা শাসক-

গণের অফিসে পাওয়া যাইবে। ডাক্তারি পরীক্ষার জন্য সদরের প্রার্থিগণকে সদর পুলিশ হাসপাতালের সাব-এসিষ্টেণ্ট সার্জ্জেনের নিকট এবং মহকুমার প্রার্থিগণকে নিজ নিজ এলাকার সরকারী হাসপাতালের মেডিকেল অফিসারের নিকট ১৯৫৭ সালের ৯ই অথবা ১০ই সেপ্টেম্বর হাজির হইতে হইবে। ডাক্তারী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থিগণকে তাঁহারা যে অফিস হইতে ফর্ম্ম লইয়াছিলেন সেই অফিসে অবিলম্বে উক্ত ফর্ম্ম জমা দিতে হইবে। কল্যাণীতে যাইবার পূর্ব্বে ১৯৫৭ সালের ১৬ই অক্টোবর জেলা-অফিসে হাজির হইবার জন্য নির্ব্বাচিত প্রার্থিগণকে যথাসময়ে ডাকযোগে জানান হইবে। —( প্রেসনোট )

---

## মুর্শিদাবাদ জেলার বি. ও পি.-তে নিয়োগ
## জাতীয় রক্ষী বাহিনীর সদস্যদের প্রতি নির্দ্দেশ

পশ্চিমবঙ্গ জাতীয় রক্ষী বাহিনীতে শিক্ষা-প্রাপ্ত রক্ষীদের মধ্য হইতে যোগ্যতানুসারে ৫০ জনকে মুর্শিদাবাদ জেলার বি, ও, পি-তে নিয়োগ করা হইবে। প্রার্থিগণকে মুর্শিদাবাদ জেলার অধিবাসী হইতে হইবে। নিয়োগের ব্যাপারে তাঁহারা আইডেন্টিটি কার্ডসহ জাতীয় রক্ষী বাহিনীর মুর্শিদাবাদ জেলার কম্যাণ্ডাণ্টের সহিত প্রতি সোমবার ও মঙ্গলবার সাক্ষাৎ করিতে পারেন। —( প্রেসনোট )

---


## জঙ্গিপুর কলেজ

( গভর্ণমেণ্ট স্পন্সর্ড ডিগ্রি কলেজ )

নূতন বৎসরের ক্লাস ৮ই আগষ্ট হইতে শুরু হইবে। প্রথম ও তৃতীয় বার্ষিক ( বি. এ. ) শ্রেণীতে ভর্ত্তি চলিতেছে। পরীক্ষার ফল অতীব সন্তোষজনক। টিউটোরিয়াল ক্লাসের সুব্যবস্থা আছে। মনোরম পরিবেশ ; স্থান স্বাস্থ্যকর।


---

## পশ্চিমবঙ্গ মিষ্টান্ন কর্ম্মচারী সমিতি

গত ২৮শে জুলাই ২৬।১ শশিভূষণ দে ষ্ট্রীটে শান্তি ইনষ্টিটিউট হলে ডাঃ বিভাস রায়ের সভাপতিত্বে পশ্চিমবঙ্গ মিষ্টান্ন কর্ম্মচারী সমিতির ত্রয়োদশ বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সভায় শ্রীহরিপদ চ্যাটার্জি, শ্রীপঞ্চানন যশ, শ্রীহৃষিকেশ নাগ, শ্রীগৌর গাঙ্গুলী প্রভৃতি বক্তৃতা করেন। সভায় উদ্বোধনী সঙ্গীত ও সমাপ্ত সঙ্গীত করেন কুমারী গীতাঞ্জলি ঘোষ, ছায়া মৌলিক, শেফালি বোস ও গুণধর শীল এবং সঙ্গত করেন শ্রীঅসীম জানা। সভায় যে সমস্ত প্রস্তাবগুলি গৃহীত হইয়াছে তাহার মধ্যে নিম্নলিখিত প্রস্তাবগুলি উল্লেখযোগ্য :—

১। দুগ্ধজাত খাদ্যদ্রব্যের উপর বিক্রয় কর ধার্য্য হওয়ায় মিষ্টান্ন প্রতিষ্ঠানগুলি বিশেষ ক্ষতিগ্রস্ত হইতেছে, তাহার ফলে বহু সংখ্যক কর্ম্মচারী বেকার হইয়া পড়িতেছে। সেই কারণে দুগ্ধজাত দ্রব্যের উপর বিক্রয় কর প্রত্যাহার করিবার জন্য সরকারকে অনুরোধ জানান হইতেছে।

২। মিষ্টান্ন কর্ম্মচারিগণ যাহাতে কারখানা আইন ও দোকান কর্ম্মচারী আইনের সুযোগ সুবিধাগুলি পায় তাহার জন্য সরকারকে অনুরোধ জানান হইতেছে।

৩। মিষ্টান্ন কর্ম্মচারিগণ যাহাতে নিয়োগ পত্র, চাকুরির স্থায়িত্ব, চিকিৎসার ব্যয়, বেতনের হার নির্দ্ধারণ, প্রভিডেণ্ড ফাণ্ড ও সরকার অনুমোদিত সাধারণ ছুটিসমূহের সুযোগগুলি মালিকদের নিকট হইতে পাইতে পারে তাহার জন্য সরকারের নিকট অনুরোধ জানান যাইতেছে।

নিম্নলিখিত ব্যক্তিগণকে লইয়া বর্ত্তমান বৎসরের কার্য্যকরী কমিটি গঠিত হইল :—

ডাঃ বিভাস রায়, সভাপতি ; পঞ্চানন যশ ও হরিপদ চ্যাটার্জি, সহ-সভাপতি ; হৃষিকেশ নাগ ও দিবাকর লাহা, সম্পাদক ; নিকুঞ্জবিহারী ধাওয়া, সহ-সম্পাদক ; ক্ষেত্রনাথ যশ, কোষাধ্যক্ষ ; বিভূতি বসু মল্লিক, ধর্ম্মদাস রেজ, কালীকৃষ্ণ রায়, অজিত কুমার দাস, গোপালচন্দ্র চাঁই, মৃত্যুঞ্জয় দাস, কমলকৃষ্ণ মণ্ডল, যুধিষ্ঠির কাঁড়ার, মনোরঞ্জন গড়াই, অনিলকুমার দত্ত, কানাইলাল ঘোষ, রক্ষিত মুখার্জ্জী, বসন্তকুমার জানা—সদস্য। সমিতির কার্য্যালয় ১৯।১ ক্রীক রোতে স্থানান্তরিত হইল।

---


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৯শে আগষ্ট ১৯৫৭

১৯৫৭ সালের ডিক্রীজারী

৫৭ থাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং আলতাব হোসেন নাঃ দিং দাবি ১৮৶৬ পাই থানা সাগরদীঘি মৌজে কোতলা ১২২ শতকের কাত ৪৶৬ পাই আঃ ৫৲ থং ২৩

৫৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫৸৶০ মৌজাদি ঐ ১২১ শতকের কাত ৩/০ আঃ ৫৲ থং ৭৮

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ৯ই সেপ্টেম্বর ১৯৫৭

১৯৫৭ সালের ডিক্রীজারী

৪৮ থাং ডিঃ পশুপতি চট্টোপাধ্যায় দিং দেং এনজান খাঁ দাবি ২৪ টাকা ৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে দরিয়াপুর ৭২ শতকের কাত ২৲ আঃ ১০৲ থং ৯৩ রায়ত স্থিতিবান স্বত্ব

৬২ থাং ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং শ্যামাপদ রায় দিং দাবি ৫২৷৷/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৩১৫ শতকের কাত হারাহারি মতে ৬৶৬ আঃ ২০৲ থং ৬১৯ তদুপরিস্থিত পোক্তা ঘর মায় ইট, কাঠ, কপাট, চৌকাঠ, জানালা, তীর, বরগা, করগেট টীন, আম্র, কাঁঠাল, লিচু, নারিকেল বৃক্ষ, আকাঠা, সুকাঠা বৃক্ষাদি সহ নওয়া জিম্মা ইত্যাদি ২নং লাট মৌজাদি ঐ ১৩ শতক জমি খাজনার যোগ্য বলিয়া রেকর্ড আঃ ৮৲ থং ১৩৪ কোর্ফা দখলিস্বত্ব বিশিষ্ট দেশাচার অনুসারে তদুপরিস্থিত পোক্তা ঘর মায় ইট, কাঠ, কপাট, চৌকাঠ, জানালা, তীর, বরগা, টীন, আকাঠা, সুকাঠা বৃক্ষাদি সহ নওয়া জিম্মা ইত্যাদি

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৬ই সেপ্টেম্বর ১৯৫৭

১৯৫৭ সালের ডিক্রীজারী

২৮ থাং ডিঃ শকুন্তলা দেবী দেং সালিমন বিবি দাবি ১৮৷৷৶০ থানা সাগরদীঘি মৌজে চামুণ্ডা ৮০ শতকের কাত ২৷৷৫ আঃ ১০৲ থং ৩৩



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-1D

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৮

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত